রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-৬/২০১৯ তারিখ: ১৯.১১.২০১৯

বিষয়: কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে অর্থায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক ০৭.০১.২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১, ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ০২.০৮.২০১৫ তারিখে জারীকৃত সার্কুলার নং-৩/২০১৫, এবং ২৯.০৮.২০১৭ তারিখে জারীকৃত সার্কুলার লেটার নং-২/২০১৭ ও ৩/২০১৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজের উল্লেখযোগ্য ভূমিকা অনস্বীকার্য। শ্রমঘন এ খাতটি জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (SDGs) বিশেষত দারিদ্র্যশুন্য সমাজ, নারী পুরুষের সমতা ও নারীর ক্ষমতায়নে ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম। বর্তমান সরকার এসএমই উন্নয়নকে শিল্পায়নের চালিকা শক্তি হিসেবে গ্রহণ করে এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেছে। সরকারি বিশেষায়িত ব্যাংক হিসেবে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কৃষি উৎপাদনসহ কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প/খামার ইত্যাদি খাতে বিনিয়োগের পাশাপাশি দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের উদ্যোক্তাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থায়ন করে আসছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় শিল্পনীতি ২০১৬ এ প্রদত্ত শিল্প ও শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞার আলোকে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অনুসরণের জন্য বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক গত ০৫.০৯.২০১৯ তারিখে এসএমইএসপিডি সার্কুলার নং-২ এর মাধ্যমে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (সিএমএসএমই) অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার জারী করা হয়েছে। উল্লিখিত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত নির্দেশনাসমূহের অধিকতর সংশোধন ও সময়োপযোগী নতুন নির্দেশনা সংযোজনপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর বিদ্যমান নির্দেশনাসমূহ একীভূত করে এ সমন্বিত মাস্টার সার্কুলারটি জারী করা হয়।

বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারের নির্দেশনাবলীর অনুবৃত্তিক্রমে এ ব্যাংকের জন্য প্রণিধানযোগ্য নিম্নরূপ বিষয়সমূহ গত ১৩.১০.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫০৪তম সভায় অনুমোদিত হয় :

১। সংজ্ঞা

১.১ **উৎপাদনশীল শিল্প:** পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংযোজন এবং পরবর্তীতে উৎপাদিত পণ্যের পুনঃসামঞ্জস্যকরণ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত সকল প্রকার কর্মকান্ডই উৎপাদনশীল (ম্যানুফ্যাকচারিং) শিল্প হিসেবে বিবেচিত হবে।

১.২ **সেবা শিল্প:** যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদের উল্লেখযোগ্য ব্যবহারের মাধ্যমে যে সকল সহায়ক উপযোগ সৃষ্টিকারী কর্ম সম্পাদিত হয় সেগুলি সেবা (সার্ভিস) শিল্পের অন্তর্ভুক্ত হবে। জাতীয় শিল্পনীতি ২০১৬ এ উল্লেখিত সেবা শিল্পের তালিকা (সংযোজনী-১) এ সার্কুলারের সাথে সংযুক্ত করা হলো।

১.৩ **ব্যবসা উদ্যোগ:** পণ্য ক্রয় বিক্রয়ের মাধ্যমে অর্থ উপার্জন সংক্রান্ত সকল কর্মকান্ড ব্যবসা (ট্রেডিং) উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।

১.৪ **নারী উদ্যোগ/উদ্যোক্তা:** যদি কোন নারী ব্যক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী বা প্রোপ্রাইটর হন কিংবা ‘অংশীদারী প্রতিষ্ঠান’ বা ‘রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস’ এ নিবন্ধিত প্রাইভেট কোম্পানীর পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে অন্যূন ৫১% (শতকরা একান্ন ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি/তারা নারী উদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন এবং ঐ উদ্যোগটি নারী উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।

১.৫ **নতুন উদ্যোক্তা:** যারা পূর্বে ব্যবসায়িক কাজে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে কোন অর্থায়ন/বিনিয়োগ সুবিধা গ্রহণ করেননি, তারাই কেবলমাত্র নতুন উদ্যোক্তা হিসেবে বিবেচিত হবেন। এক্ষেত্রে, ঋণ আবেদন গ্রহণকারী শাখা সংশ্লিষ্ট গ্রাহকের সিআইবি রিপোর্ট যাচাই করে বিষয়টি নিশ্চিত করবে।

১.৬ **অগ্রাধিকার খাত:** জাতীয় শিল্পনীতি ২০১৬ এ বর্ণিত অগ্রাধিকার খাতসমূহ (সংযোজনী-২) সিএমএসএমই অর্থায়নে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচিত হবে।

(চলমান পাতা-২)

২। **সিএমএসএমই (CMSME):** কুটির (Cottage), মাইক্রো (Micro), ক্ষুদ্র (Small) ও মাঝারি (Medium) উদ্যোগ।

২.১ বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ০৫.০৯.২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ এ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগকে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করা হয়েছে:

শিল্প উদ্যোগের ধরণ	উপখাত	শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদন্ড	
		জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ শিল্প প্রতিষ্ঠানের মোট স্থায়ী সম্পদের মূল্য	শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত/কর্মরত জনবলের সংখ্যা
কুটির শিল্প	উৎপাদনশীল শিল্প	১০ লক্ষ টাকার নিচে	পারিবারিক সদস্যসহ অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত হবে তবে ১৫ জনের অধিক নয়
মাইক্রো শিল্প	উৎপাদনশীল শিল্প	১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার নিচে	১৬ থেকে ৩০ জন বা তার চেয়ে কম
	সেবা শিল্প	১০ লক্ষ টাকার নিচে	সর্বোচ্চ ১৫ জন
ক্ষুদ্র শিল্প	উৎপাদনশীল শিল্প	৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকার নিচে	৩১ থেকে ১২০ জন
	সেবা শিল্প	১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার নিচে	১৬ থেকে ৫০ জন
মাঝারি শিল্প	উৎপাদনশীল শিল্প	১৫ কোটি টাকার অধিক কিন্তু ৫০ কোটি টাকার বেশি নয়	১২১ থেকে ৩০০ জন; তবে তৈরি পোশাক শিল্প/শ্রমঘন শিল্প এর জন্য সর্বোচ্চ ১০০০ জন
	সেবা শিল্প	২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা	৫১ থেকে ১২০ জন

২.২ উল্লেখ্য, মাইক্রো ও ক্ষুদ্র ব্যবসা উদ্যোগে প্রদত্ত ঋণ ব্যতীত অন্যান্য ব্যবসা উদ্যোগে প্রদত্ত ঋণকে সিএমএসএমই ঋণ হিসেবে প্রদর্শন করা যাবে না। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ০৫.০৯.২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ মোতাবেক মাইক্রো ও ক্ষুদ্র ব্যবসা উদ্যোগ এর সংজ্ঞা নিম্নরূপ:

ব্যবসা উদ্যোগের ধরণ	ব্যবসা প্রতিষ্ঠানের ধরণ নির্ণয়ের মানদন্ড		
	জমি এবং ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ ব্যবসা প্রতিষ্ঠানের মোট স্থায়ী সম্পদের মূল্য	ব্যবসা প্রতিষ্ঠানে নিয়োজিত/ কর্মরত জনবলের সংখ্যা	ব্যবসা প্রতিষ্ঠানের টার্নওভার/ বার্ষিক লেনদেন এর পরিমাণ
মাইক্রো উদ্যোগ	১০ লক্ষ টাকার নিচে	সর্বোচ্চ ১৫ জন	সর্বোচ্চ ২ কোটি টাকা
ক্ষুদ্র উদ্যোগ	১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা	১৬ থেকে ৫০ জন	২ কোটি টাকার অধিক কিন্তু ২০ কোটি টাকার বেশি নয়

২.৩ গ্রুপ অব কোম্পানীজ এর অধীন কোন প্রতিষ্ঠান এককভাবে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ হিসেবে বিবেচিত হওয়ার জন্য সংশ্লিষ্ট গ্রুপকে এ সার্কুলারের ২.১ ও ২.২ অনুচ্ছেদে বর্ণিত শিল্প উদ্যোগ ও ব্যবসা প্রতিষ্ঠানের ধরণ নির্ণয়ের মানদন্ডের ভিত্তিতে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অন্তর্ভুক্ত হতে হবে। গ্রুপ এর সংজ্ঞা নির্ধারণে ব্যাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রযোজ্য হবে।

২.৪ কোন একটি মানদন্ডের ভিত্তিতে একটি উদ্যোগ নিম্নতর ধাপের অন্তর্ভুক্ত হলেও অন্য একটি মানদন্ডে সেটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে, সংশ্লিষ্ট উদ্যোগটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

২.৫ উপর্যুক্ত ২.১ ও ২.২ নং অনুচ্ছেদে বর্ণিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এর অনুকূলে প্রদত্ত যে কোন ধরণের ঋণ সিএমএসএমই ঋণ হিসেবে গণ্য হবে।

(চলমান পাতা-৩)

২.৬ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এর অনুকূলে প্রদেয় খাতভিত্তিক সর্বোচ্চ ঋণসীমা নিম্নরূপ:

ঋণসীমা	কুটির উদ্যোগ	মাইক্রো উদ্যোগ			ক্ষুদ্র উদ্যোগ			মাঝারি উদ্যোগ	
	উৎপাদনশীল শিল্প	উৎপাদনশীল শিল্প	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	উৎপাদনশীল শিল্প	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	উৎপাদনশীল শিল্প	সেবা শিল্প
সর্বোচ্চ ঋণসীমা*	১৫ লক্ষ টাকা	১ কোটি টাকা	২৫ লক্ষ টাকা	৫০ লক্ষ টাকা	২০ কোটি টাকা	৫ কোটি টাকা	৫ কোটি টাকা	৭৫ কোটি টাকা	৫০ কোটি টাকা

*একটি নির্দিষ্ট সময়ে একটি সিএমএসএমই উদ্যোগের অনুকূলে সামগ্রিকভাবে প্রদত্ত ফান্ডেড ঋণ সুবিধার মোট পরিমাণ কোনক্রমেই ঋণের সর্বোচ্চ সীমা অতিক্রম করতে পারবে না। ঋণ আবেদন গ্রহণকারী শাখা সংশ্লিষ্ট গ্রাহকের সিআইবি রিপোর্ট যাচাই করে বিষয়টি নিশ্চিত করবে।

৩। কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এর অনুকূলে প্রদেয় খাতভিত্তিক ঋণের লক্ষ্যমাত্রা ও তার বিভাজন:

বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ০৫.০৯.২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ মোতাবেক প্রতি বছরের জানুয়ারি মাসের শেষ কার্যদিবসের মধ্যে পূর্ববর্তী বছরের নীট ঋণ ও অগ্রিম স্থিতির (মোট ঋণ ও অগ্রিম স্থিতি - মোট শ্রেণীকৃত ঋণ) ভিত্তিতে সিএমএএমই ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারনপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে। ব্যাংকের নীট ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যে সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ আগামী ২০২৪ সালের মধ্যে অন্যূন ২৫% এ উন্নীত করতে হবে।

২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার নির্ধারিত হার হবে নিম্নরূপ:

বিষয়াবলী	২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার হার
• সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতি	নীট ঋণ ও অগ্রিম স্থিতির ২৫%
• কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ	সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির ৫০%
• নারী উদ্যোগে নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ	সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির ১৫%
• সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক বিভাজন	উৎপাদনশীল শিল্পে অন্যূন ৪০%, সেবা শিল্প অন্যূন ২৫% এবং ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫%

৪। সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত সাধারণ নির্দেশনাবলী:

৪.১ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অর্থায়নে পৃথক ব্যবসায়িক কৌশল প্রণয়নপূর্বক গ্রাহকদের চাহিদা ও বিভিন্ন অর্থনৈতিক খাতের প্রকৃতি অনুযায়ী ঋণ ও আমানতের উদ্ভাবনীমূলক পণ্য উন্নয়ন ও বিপণন করতে হবে। সিএমএসএমই কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীকে সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.২ কোন একটি নির্দিষ্ট এলাকায় এক বা একাধিক পণ্য বা সেবাকে কেন্দ্র করে ক্লাস্টার ও ভ্যালু চেইন ভিত্তিক শিল্প উদ্যোগে বিনিয়োগের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে।

৪.৩ নিজস্ব সক্ষমতার মাধ্যমে সিএমএসএমই ঋণ বিতরণের পাশাপাশি বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত 'এজেন্ট ব্যাংকিং' নীতিমালার আওতায় অনুমোদন প্রাপ্ত এজেন্টদের সহায়তা গ্রহণ করে সিএমএসএমই ঋণ বিতরণ করা যাবে। এছাড়াও তথ্য প্রযুক্তি এবং ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসের সহায়তায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির (MRA) অনুমোদন প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের (MFI) সাথে লিংকেজের মাধ্যমে কুটির ও মাইক্রো উদ্যেগে ঋণ বিতরণ করা যাবে। এক্ষেত্রে ঋণের সকল দায়িত্ব ব্যাংকের উপর বর্তাবে এবং উক্ত ঋণ গ্রাহক পর্যায়ে বিতরণের পরই তা কেবলমাত্র কুটির ও মাইক্রো উদ্যোগ ঋণ হিসেবে বিবেচিত হবে।

৪.৪ প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, জোনাল কার্যালয় এবং শাখা পর্যায়ে স্টেটমেন্ট অফ অ্যাফেয়ার্সে সিএমএসএমই ঋণ পৃথকভাবে প্রদর্শন করতে হবে।

(চলমান পাতা-৪)

৫। ঋণ আবেদন ও মঞ্জুরি প্রক্রিয়া:

৫.১ বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক এসএমই ঋণের জন্য অভিন্ন আবেদনপত্র চালু করা হয়েছে (সংযোজনী-৩)। সিএমএসএমই খাতে বিশেষত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাগণের ঋণ/বিনিয়োগ হিসাব খোলার জন্য নমুনা অনুযায়ী বাংলা ভাষায় প্রণীত এ আবেদনপত্র ব্যবহার করতে হবে।

৫.২ শাখা পর্যায়ে ঋণ বিতরণ সংক্রান্ত কার্যক্রমের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাগণকে ঋণ আবেদনপত্র পূরণে সহায়তা করবে এবং আবেদনপত্র প্রাপ্তির রশিদ প্রদান করবে। পূর্ণ ঋণ আবেদন প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে এ বিষয়ে সিদ্ধান্ত প্রদানকরতঃ সংশ্লিষ্ট গ্রাহককে লিখিতভাবে অবহিত করতে হবে। কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগে অর্থায়নে ঋণ মঞ্জুরি ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে এ ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৫ম অধ্যায়ে বর্ণিত ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতার যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ঋণ মঞ্জুরির পর দ্রুততম সময়ের মধ্যে ঋণ বিতরণ করতে হবে।

৫.৩ কোন ঋণ আবেদন প্রত্যাখ্যাত হলে তা পুনঃবিবেচনার জন্য ব্যাংকের যে পর্যায়ে ঋণের আবেদন প্রত্যাখ্যাত হবে তার পরবর্তী উচ্চ ধাপের নিকট আবেদনকারী আবেদন দাখিল করতে পারবেন। তবে ঋণ আবেদন চূড়ান্তভাবে প্রত্যাখাত হলে প্রতিষ্ঠান কর্তৃক লিখিতভাবে আবেদন প্রত্যাখ্যানের কারণ আবেদনকারীকে অবহিত করতে হবে।

৫.৪ শাখা/জোন/বিভাগীয়/প্রধান কার্যালয় সংশ্লিষ্ট পর্যায়ের সিএমএসএমই ঋণ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করবে। উক্ত তথ্য ভান্ডারে ঋণ আবেদন প্রাপ্তি, ঋণ মঞ্জুরি ও বিতরণের তারিখ এবং ঋণ আবেদন প্রত্যাখাত হলে তার কারণ ও তারিখ লিপিবদ্ধ করতে হবে।

৬। শিডিউল অব চার্জেস, ঋণের সুদ হার ও অন্যান্য বিষয়:

৬.১ সিএমএসএমই ঋণের শিডিউল অব চার্জেস এবং সুদ হার বিষয়ে ব্যাংক কৃর্তক জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৬.২ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণকৃত ঋণের সুদহার গ্রাহক পর্যায়ে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে।

৬.৩ প্রতিটি ব্যবসার প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের জন্য যথাযথ গ্রেস পিরিয়ডের সুবিধা প্রদান করা যাবে। কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে চলতি মূলধনের চাহিদা পূরণে চলমান ঋণ মঞ্জুরি অব্যাহত রাখার এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মেয়াদী ঋণের (০১ বছর হতে সর্বোচ্চ ০৫ বছর পর্যন্ত) ক্ষেত্রে ০৩ (তিন) মাস হতে ০৬ (ছয়) মাস গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়টি বিবেচনা করা যাবে।

৭। সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদান:

সিএমএসএমই ঋণের ব্যাপক প্রসারে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ খাতে উদ্যোক্তাদের ব্যক্তিগত/সামাজিক/গ্রুপ গ্যারান্টিকে জামানত হিসেবে বিবেচনায় নিয়ে সহায়ক জামানত ব্যতিরেকে ব্যাংকের নিজস্ব অর্থায়নে পুরুষ উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এবং নারী উদ্যোক্তাদের জন্য ১,২৫,০০০/-(এক লক্ষ পঁচিশ হাজার) টাকা ঋণ সুবিধা প্রদান করা যাবে। এক্ষেত্রে সতর্কতার সাথে ঋণ ঝুঁকি বিশ্লেষণপূর্বক জামানত বিষয়ে ব্যক্তিগত/সামাজিক/গ্রুপ গ্যারান্টিকে জামানত হিসেবে বিবেচনা করা যাবে। ক্ষেত্র বিশেষে ঋণগ্রহিতা কর্তৃক পূর্বে গৃহিত প্রাতিষ্ঠানিক ঋণের মূল্যায়ন (Credit history/Performance) এর বিষয়টিকে বিবেচনায় নিয়ে জামানতবিহীন ঋণ প্রদান করা যাবে।

৭.১ ব্যক্তিগত গ্যারান্টি:

ব্যক্তিগত গ্যারান্টি বলতে ঋণদানকারী প্রতিষ্ঠান ও ঋণগ্রহিতার মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় গৃহিত ঋণের আদায় সুরক্ষার লক্ষ্যে উভয় পক্ষের নিকট গ্রহণযোগ্য কোন ব্যক্তির অঙ্গীকারনামাকে বোঝাবে। এক্ষেত্রে একাধিক ব্যক্তিগত গ্যারান্টি বাধ্যতামূলক নয়।

৭.২ সামাজিক গ্যারান্টি:

সামাজিক গ্যারান্টি বলতে ঋণদানকারী প্রতিষ্ঠান ও ঋণগ্রহিতার মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় গৃহিত ঋণের আদায় নিশ্চিত করার লক্ষ্যে উভয় পক্ষের নিকট গ্রহণযোগ্য সামাজিক কোন প্রতিষ্ঠান/সংস্থার অঙ্গীকারনামাকে বোঝাবে। যেমন: কোন ব্যক্তি কর্তৃক গৃহিত ঋণের বিপরীতে সংশ্লিষ্ট চেম্বার/এসোসিয়েশন/ব্যবসায়ী সংগঠন/সিএমএসএমই বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামার বিষয়টিকে সামাজিক জামানত হিসেবে গণ্য করা যাবে।

৭.৩ গ্রুপ গ্যারান্টি:

গ্রুপভিত্তিক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রুপের অন্তর্ভুক্ত কোন সদস্য কর্তৃক গৃহিত ঋণের বিপরীতে সংশ্লিষ্ট গ্রুপ কর্তৃক সামষ্টিকভাবে প্রদত্ত গ্যারান্টিকে গ্রুপ জামানত হিসেবে গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে গ্রুপের কোন সদস্য খেলাপি হলে পুরো গ্রুপকে খেলাপি হিসেবে চিহ্নিত করতে হবে।

(চলমান পাতা-৫)

৮। সহায়ক জামানত গ্রহণপূর্বক ঋণ প্রদান:

পুরুষ উদ্যোক্তাদের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এবং নারী উদ্যোক্তাদের জন্য ১,২৫,০০০/-(এক লক্ষ পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে সিএমএসএমই খাতে সর্বোচ্চ ৭৫.০০(পঁচাত্তর) কোটি টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক বিধি মোতাবেক প্রয়োজনীয় সহায়ক জামানত গ্রহণ করতে হবে। তবে উদ্যোক্তার সামর্থ্য থাকলে উল্লিখিত পরিমাণের নিম্নে ঋণ প্রদানের ক্ষেত্রেও সহায়ক জামানত গ্রহণ করা যেতে পারে।

৯। নারী উদ্যোগ অর্থায়নে বিশেষ নির্দেশনাসমূহ:

সিএমএসএমই খাতে অর্থায়ন কর্মসূচির আওতায় দেশের শিল্প উন্নয়নে নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ বৃদ্ধি এবং তাঁদের ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনার জন্য প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রাপ্তি নিশ্চিত করতে নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণে অগ্রাধিকার প্রদান করতে হবে। নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্রসমূহ সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিস্পত্তি করতে হবে।

৯.১ Women Entrepreneurs' Dedicated Desk:

ব্যাংকের সকল শাখায় স্থাপনকৃত স্বতন্ত্র Women Entrepreneurs' Dedicated Desk চালু রাখতে হবে। সেখানে প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিয়োগদানপূর্বক প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.২ Women Entrepreneurs' Development Unit:

প্রধান কার্যালয়সহ বিভাগীয়/জোনাল কার্যালয়ের Women Entrepreneurs' Development Unit (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) ত্রৈমাসিকভিত্তিতে বিভাগ/জোন/শাখা পর্যায়ের Women Entrepreneurs' Dedicated Desk/Development Unit সমূহের কার্যক্রম মনিটর করবে। নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটে নারী কর্মকর্তা নিয়োজিত করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা যেতে পারে।

৯.৩ নতুন নারী উদ্যোক্তা চিহ্নিতকরণ, প্রশিক্ষণ প্রদান ও অর্থায়ন:

প্রতিটি শাখা তার আওতাধীন এলাকায় প্রতি বছর ন্যূনতম ০৩ (তিন) জন উদ্যোগ গ্রহণে আগ্রহী নারী উদ্যোক্তা (যারা ইতোপূর্বে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেননি) খুঁজে বের করে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে তালিকা প্রেরণ করবে। জোনাল কার্যালয় তা একীভূত করে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর Women Entrepreneurs' Development Unit বরাবর প্রেরণ করবে। প্রশিক্ষণ ইনিস্টিটিউট এ সকল উদ্যোক্তাকে জোনাল/বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এদের প্রতি ০৩ (তিন) জনের মধ্যে ন্যূনতম ০১ (এক) জনকে ঋণ সুবিধা প্রদান করতে হবে।

১০। ঋণ নবায়ন/পুনঃপ্রদান/পুনঃতফসিল:

এ সার্কুলারে উল্লেখিত নির্দেশনাসমূহ ছাড়াও সিএমএসএমই খাতের আওতায় চলতি পুঁজি/প্রকল্প ঋণ মঞ্জুরি/নবায়ন/পুনঃপ্রদান/পুনঃতফসিলের ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং ঋণ ও অগ্রিম বিভাগ-১ হতে জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১১। ঋণ তত্ত্বাবধান:

সিএমএসএমই খাতের আওতায় বিতরণকৃত ঋণ যেন কোনক্রমেই খেলাপিতে পরিণত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও জোনাল ব্যবস্থাপকগণ সর্বদা সতর্ক থাকবেন। শাখা ব্যবস্থাপকগণ এ খাতের আওতায় সুবিধাপ্রাপ্ত প্রতিটি ঋণগ্রহিতার সাথে ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করবেন এবং জোনাল ব্যবস্থাপকগণ ত্রৈমাসিক ভিত্তিতে স্ব স্ব জোনের আওতাধীন ঋণগ্রহিতাদের প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন। এছাড়াও জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এ খাতে বিতরণকৃত ঋণসমূহ যাচাইপূর্বক সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপককে লিখিত নির্দেশনা প্রদান করবেন।

১২। আইনগত পদক্ষেপ গ্রহণ:

ঋণের অর্থ পরিশোধ না করায় সংশ্লিষ্ট ঋণ হিসাবটি খেলাপিতে পরিণত হলে এবং ঋণ আদায়ের সকল পদক্ষেপ গ্রহণ করা সত্ত্বেও ঋণ আদায় সম্ভব না হলে ব্যাংক বিধি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ঋণগ্রহিতার বিরুদ্ধে প্রযোজ্য আদালতে মামলা দায়ের করতে হবে।

১৩। সিএমএসএমই ডাটাবেজ:

ঋণ বিতরণকারী প্রতিটি শাখা নিজ নিজ সিএমএসএমই ডাটাবেজ গড়ে তুলবে। ডাটাবেজে ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের শেয়ারহেল্ডারদের ব্যক্তিগত ও ব্যবসায়িক তথ্য, সঞ্চয় ও ঋণ বিষয়ক তথ্য এবং ব্যবসায়িক সাফল্য বিষয়ক তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। এ ডাটাবেজ ব্যাংকের নিজস্ব কোর ব্যাংকিং সফ্টওয়্যারের সাথে সমন্বিত থাকতে হবে।

(চলমান পাতা-৬)

ঋওঅবি-১ সার্কুলার নং-৬/২০১৯ তারিখ: ১৯.১১.২০১৯

১৪। তথ্য ও উপাত্ত দাখিল:

১৪.১ শাখা সিএমএসএমই খাতে ঋণ বিতরণের প্রাক্কলিত লক্ষ্যমাত্রাসহ ঋণ সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংযোজিত ছক অনুযায়ী (সংযোজনী-৪,৫,৬,৭ ও ৮), কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংযোজনী-১১) মোতাবেক এতদসংক্রান্ত বিবরণী (সংযোজনী-৯) এবং শিল্প ঋণ সংক্রান্ত বিবরণী (সংযোজনী-১০) যথাযথভাবে ত্রৈমাসিক/বার্ষিক ভিত্তিতে নির্ধারিত সময়ের (ত্রৈমাসিক বিবরণী প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের ১০ কার্যদিবস এবং বাৎসরিক বিবরণী প্রতি বছরান্তে পরবর্তী মাসের ১০ কার্যদিবস) মধ্যে এবং সংশ্লিষ্ট জোনাল কার্যালয় উল্লিখিত বিবরণীসমূহ নির্ধারিত সময়ের (ত্রৈমাসিক বিবরণী প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের ১৫ কার্যদিবস এবং বার্ষিক বিবরণী প্রতি বছরান্তে পরবর্তী মাসের ১৫ কার্যদিবস) মধ্যে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করবে।

১৪.২ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে নন-ফান্ডেড ঋণ সুবিধা প্রদান করা হলে সিএমএসএমই অর্থায়নে সে তথ্য রিপোর্টযোগ্য হবে না। তবে, কোন একটি উদ্যোগের অনুকূলে প্রদত্ত নন-ফান্ডেড ঋণ সুবিধা ফান্ডেড সুবিধায় রূপান্তরিত হলে তা রিপোর্টিং এর ক্ষেত্রে এ সার্কুলারের ০২ নং ক্রমিকে বর্ণিত শিল্প উদ্যোগ ও ব্যবসা প্রতিষ্ঠানের ধরণ নির্ণয়ের মানদন্ড ও ঋণের সর্বোচ্চ সীমা অনুসরণযোগ্য হবে।

১৪.৩ ব্যাংক কর্তৃক প্রেরিত তথ্য ও উপাত্তের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর কর্মকর্তাগণ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট ঋণ নথি/দলিলাদি নিরীক্ষাসহ প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করতে পারেন। বিধায় সিএমএসএমই ঋণ সংক্রান্ত তথ্যাদি মাসিকভিত্তিতে হালনাগাদ রাখতে হবে এবং বাংলাদেশ ব্যাংক/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে এতদসংক্রান্ত তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। একইসাথে ঋণ ও অগ্রিম বিভাগ-১ হতে ইতোপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী বাতিল মর্মে বিবেচিত হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

১৯.১১.২০১৯
(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/২৯(SME)/২০১৯-২০২০/৪৯৯(৪৫৪) তারিখ: ১৯.১১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/মহানথি।

১৯.১১.২০১৯
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

সেবা শিল্পসমূহ

১। তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা (আইসিটিএস) ও কর্মকান্ড। যেমন- সিস্টেমস এনালাইসিস, ডিজাইন, সলিউশন সিস্টেম উন্নয়ন, তথ্য সেবা প্রদান, কল সেন্টার সার্ভিস, অফশোর ডেভেলপমেন্ট সেন্টার (ওডিসি), বিজনেস প্রসেস আউট সোর্সিং (বিপিও) ইত্যাদি

২। কৃষিভিত্তিক কর্মকান্ড, যেমন- কৃষি পণ্য, শস্য, ফলমূল ও সবজি প্রক্রিয়াজাতকরণ, মৎস্য আহরণ, মৎস্য সংরক্ষণ ও বিপণন ইত্যাদি

৩। নির্মাণ শিল্প ও হাউজিং

৪। বৈদেশিক কর্মসংস্থান

৫। বিনোদন শিল্প

৬। জিনিং এ্যান্ড বেলিং

৭। হাসপাতাল ও ক্লিনিক

৮। নিউক্লিয়ার ও এনালাইটিক্যাল সেবা (যেমন- নিউক্লিয়ার চিকিৎসা সেবা)

৯। পর্যটন ও সেবা

১০। মানব সম্পদ উন্নয়ন, উচ্চমানের মেধা ও দক্ষতাসম্পন্ন নলেজ সোসাইটি

১১। বিভিন্ন ধরনের টেস্টিং ল্যাবরেটরী

১২। ফটোগ্রাফি

১৩। টেলিকমিউনিকেশন

১৪। পরিবহন ও যোগাযোগ

১৫। ওয়্যারহাউজ

১৬। ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্সি

১৭। ফিলিং স্টেশন (পেট্রোল পাম্প, সি এন জি স্টেশন, কনভার্শন সেন্টার)

১৮। প্রাইভেট ইনল্যান্ড কনটেইনার ডিপো এন্ড কনটেইনার ফ্রেইট স্টেশন

১৯। ট্যাংক টার্মিনাল

২০। চেইন সুপার মার্কেট/ শপিংমল

২১। এ্যাভিয়েশন সার্ভিস

২২। ইন্সপেকশন এন্ড টেস্টিং সার্ভিস

২৩। আঞ্চলিক ফিডার ভেসেল ও কোস্টাল জাহাজ চলাচল শিল্প

২৪। ড্রাই ডকিং ও জাহাজ মেরামত শিল্প

২৫। মডার্নাইজড্ ক্লিনিং সার্ভিস ফর হাইরাইজ এপার্টমেন্টস, কমার্শিয়াল বিল্ডিং

২৬। অটো মোবাইল সার্ভিসিং

২৭। টেকনিক্যাল ভোকেশনাল ইন্সটিটিউটস

২৮। বিজ্ঞাপন শিল্পখাত ও মডেলিং যেমন- প্রিন্ট মডেলিং, টিভি কমার্শিয়ালস, র‌্যাম্প মডেলিং (ক্যাট ওয়াক/ ফ্যাশন)

২৯। মানসম্মত বীজের জন্য গবেষণা এবং উন্নয়ন

৩০। আউটসোর্সিং এবং সিকিউরিটি সার্ভিস (বেসরকারিভাবে নিরাপত্তারক্ষী/ জনবল সরবরাহ)

৩১। সমুদ্রগামী জাহাজ চলাচল ব্যবসা

৩২। চলচ্চিত্র শিল্প

৩৩। নিউজ পেপার শিল্প

উচ্চ অগ্রাধিকার খাত

১। কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২। তৈরি পোশাক শিল্প
৩। আইসিটি/সফট্ওয়ার শিল্প
৪। ঔষধ শিল্প
৫। চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৬। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প
৭। পাট ও পাটজাত শিল্প

অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ

১। প্লাস্টিক শিল্প
২। বৈদেশিক কর্মসংস্থান
৩। জাহাজ নির্মাণ শিল্প
৪। পরিবেশসম্মত জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প
৫। পর্যটন শিল্প
৬। হিমায়িত মৎস্য শিল্প
৭। হোম টেক্সটাইল সামগ্রী শিল্প
৮। নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার, উইন্ড মিল)
৯। এ্যাকটিভ ফার্মাসিটিক্যাল ইনগ্রেডিয়েন্ট শিল্প ও রেডিও ফার্মাসিটিক্যাল শিল্প
১০। ভেষজ ঔষধ শিল্প
১১। তেজস্ক্রিয় রশ্মির (বিকিরণ) প্রয়োগ শিল্প (যেমন-পচনশীল পলিমারের গুণগত মান উন্নয়ন/খাদ্য-শস্য সংরক্ষণ/চিকিৎসা সামগ্রী জীবাণুমুক্তকরণ শিল্প)
১২। পলিমার উৎপাদন শিল্প
১৩। হাসপাতাল ও ক্লিনিক
১৪। অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
১৫। হস্ত ও কারু শিল্প
১৬। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি (এলইডি, সিএফএল বাল্ব উৎপাদন)/ ইলেক্ট্রনিক যন্ত্রপাতি নির্মাণ শিল্প/ ইলেক্ট্রনিক মেটেরিয়েল উন্নয়ন
১৭। চা শিল্প
১৮। বীজ শিল্প
১৯। জুয়েলারি
২০। খেলনা
২১। প্রসাধনী ও টয়লেট্রিজ
২২। আগর শিল্প
২৩। আসবাবপত্র শিল্প
২৪। সিমেন্ট শিল্প

(বিনামূল্যে প্রদেয়)

তারিখঃ-

ব্যবস্থাপক

....

....

ছবি

সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ এর আবেদন।

প্রিয় মহোদয়,

আমি/আমরা সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে আপনার প্রতিষ্ঠানের .... শাখা হতে আমার/আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন/ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয়/অন্যান্য বাবদ .... মাস মেয়াদী .... টাকার ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদন করছি। নিম্নে আমার/আমাদের ব্যক্তিগত, ব্যবসা সংক্রান্ত এবং প্রস্তাবিত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ বিষয়ক তথ্য পেশ করা হ'ল।

১	**ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের বৃত্তান্ত**		
	১.১ প্রতিষ্ঠানের নাম	ঃ	
	১.২ ঠিকানা (নিজস্ব/ভাড়া)	ঃ	
	১.৩ ব্যবসায়ের প্রকৃতি	ঃ	☐ শিল্প ☐ ব্যবসা ☐ সেবা
	১.৪ মালিকানার ধরণ	ঃ	☐ একক মালিকানাধীন ☐ অংশীদারি ☐ যৌথ মূলধনী
	১.৫ ব্যবসায় বিনিয়োগকৃত মূলধন	ঃ	
	১.৬ ট্রেড লাইসেন্স নম্বর ও মেয়াদ	ঃ	
	১.৭ ব্যবসা শুরুর তারিখ	ঃ	
	১.৮ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)	ঃ	
	১.৯ ব্যাংক হিসাবের নাম ও নম্বর	ঃ	
	১.১০ প্রতিষ্ঠানের বার্ষিক বিক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে)	ঃ	
	১.১১ প্রতিষ্ঠানের মোট বার্ষিক আয়	ঃ	
	১.১২ প্রতিষ্ঠানের মোট বার্ষিক ব্যয়	ঃ	
	১.১৩ প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ (ভূমি ও ইমারত ব্যতীত)	ঃ	
	১.১৪ প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের সংখ্যা	ঃ	
	১.১৫ মজুদ পণ্যের মূল্য	ঃ	
২	**আবেদনকারী প্রতিষ্ঠানের দায়**		
	২.১ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান	ঃ	
	২.২ অন্যান্য	ঃ	
৩	**আবেদনকারীর বৃত্তান্ত (অংশীদারি/যৌথমূলধনী কারবারের ক্ষেত্রে পরিচালকদের অনুরূপ তথ্য পৃথক কাগজে সংযুক্ত করতে হবে)**		
	৩.১ নাম (বাংলা ও ইংরেজী)	ঃ	
	৩.২ জন্ম তারিখ ও স্থান	ঃ	
	৩.৩ শিক্ষাগত যোগ্যতা	ঃ	
	৩.৪ প্রশিক্ষণ	ঃ	
	৩.৫ পিতার নাম	ঃ	
	৩.৬ মাতার নাম	ঃ	
	৩.৭ বৈবাহিক অবস্থা	ঃ	
	৩.৮ স্বামী/স্ত্রী'র নাম	ঃ	
	৩.৯ বর্তমান ঠিকানা	ঃ	
	৩.১০ স্থায়ী ঠিকানা	ঃ	
	৩.১১ অন্যান্য উৎস হতে মাসিক আয়	ঃ	
	৩.১২ মালিকানাধীন অন্যান্য প্রতিষ্ঠানের নাম	ঃ	
	৩.১৩ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)	ঃ	
	৩.১৪ জাতীয় পরিচয়পত্র নম্বর	ঃ	
৪	**আবেদনকারীর দায়**		
	৪.১ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান	ঃ	
	৪.২ অন্যান্য	ঃ	
৫	**ঋণ/বিনিয়োগ গ্রহণের উদ্দেশ্য**		
	৫.১ চলতি মূলধন	ঃ	
	৫.২ ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয়	ঃ	
	৫.৩ অন্যান্য	ঃ	
৬	**জামানতের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)**	ঃ	
৭	**জামিনদারের নাম**		
	৭.১ জামিনদার সম্পর্কিত তথ্য		
	৭.১.১ নাম (বাংলা ও ইংরেজী)	ঃ	
	৭.১.২ জন্ম তারিখ	ঃ	

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

	৭.১.৩ শিক্ষাগত যোগ্যতা	ঃ	
	৭.১.৪ পিতার নাম	ঃ	
	৭.১.৫ মাতার নাম	ঃ	
	৭.১.৬ স্বামী/স্ত্রী'র নাম	ঃ	
	৭.১.৭ ঠিকানা		
	৭.১.৭.১ বর্তমান (ফোন নম্বরসহ)	ঃ	
	৭.১.৭.২ স্থায়ী	ঃ	
	৭.১.৮ পেশা	ঃ	
	৭.১.৯ মাসিক আয়	ঃ	
	৭.১.১০ জামিনদারের সম্পদের পরিমাণ	ঃ	
	৭.১.১১ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)	ঃ	
	৭.১.১২ জাতীয় পরিচয়পত্র নম্বর	ঃ	
	৭.১.১৩ ব্যাংক হিসাবের নাম ও নম্বর	ঃ	
	৭.১.১৪ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ/বিনিয়োগ গ্রহণের পরিমাণ	ঃ	
	৭.১.১৫ অন্যান্য	ঃ	
	৭.১.১৬ আবেদনকারীর সাথে সম্পর্ক	ঃ	

(প্রয়োজনে পৃথক কাগহ সংযুক্ত করতে হবে)

জামিনদারের স্বাক্ষর ও তারিখ

[*ঋণ/বিনিয়োগ মঞ্জুরির জন্য আবশ্যকীয় অন্য যে কোন তথ্য, প্রমাণপত্র এবং দলিলাদি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী গ্রাহক প্রদান করতে বাধ্য থাকবে]

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

সংযোজনী-৪

Name of the Bank/FI:

Yearly CMSME Loan Disbursement Target

Target Year:

(Amount in Crore BDT)

Division	Sub-Sector	Cluster Financing Target	Rural Disburse-ment	New Enterprise Financing		Sector and Gender -wise Disbursement Target								Total Loan Disbursement Target of the Year
						Cottage Enterprise		Micro Enterprise		Small Enterprise		Medium Enterprise		
				Male	Female	Male	Female	Male	Female	Male	Female	Male	Female	
Dhaka	Service													
	Trade													
	Manufacturing													
Chattogram	Service													
	Trade													
	Manufacturing													
Rajshahi	Service													
	Trade													
	Manufacturing													
Khulna	Service													
	Trade													
	Manufacturing													
Barishal	Service													
	Trade													
	Manufacturing													
Sylhet	Service													
	Trade													
	Manufacturing													
Rangpur	Service													
	Trade													
	Manufacturing													
Mymensingh	Service													
	Trade													
	Manufacturing													
Total	Service													
	Trade													
	Manufacturing													
Grand Total														

N.B.: The shaded portion of Cottage & Medium Enterprise (Trading Sector) need not to be filled in.

Quarterly CMSME Loan Disbursement Statement

সংযোজনী-৫

Name of the Bank/FI:

Name of the Quarter:

(Amount in Crore BDT)

Segment	Sub-Sector	Nature of Entrepreneurs	CMSME Loan Disbursement (Current Quarter)		Cumulative CMSME Loan Disbursement (January to Current Quarter)		Outstanding of CMSME Loan as on End of the Quarter (as per CL)	Disbursement to CMSME New Enterprises (Current Quarter)		Cumulative Disbursement to CMSME New Enterprises (January to Current Quarter)		Outstanding of CMSME New Enterprises Loans as on End of the Quarter	CMSME Rural Loans Disbursement (Current Quarter)		Cumulative CMSME Rural Loans Disbursement (January to Current Quarter)		Outstanding of CMSME Rural Loans as on End of the Quarter	Disbursement of CMSME Without Collateral (Current Quarter)		Cumulative Disbursement of CMSME Without Collateral (January to Current Quarter)		Outstanding of CMSME Without Collateral Loans as on End of the Quarter	*Overdue Amount of CMSME Loans as on End of Quarter	Cumulative Recovery of CMSME Loans (January to Current Quarter)	Classified Amount of CMSME Loans as on End of the Quarter (as per CL)		
			Number	Amount	Number	Amount		Number	Amount	Number	Amount		Number	Amount	Number	Amount		Number	Amount	Number	Amount				SS	DF	BL
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21	22	23	24	25	26	27	28
Cottage	Manufacturing	Male																									
		Female																									
		Subtotal																									
	Service	Male																									
		Female																									
		Subtotal																									
	Trade	Male																									
		Female																									
		Subtotal																									
	Total of Cottage																										
Micro	Manufacturing	Male																									
		Female																									
		Subtotal																									
	Service	Male																									
		Female																									
		Subtotal																									
	Trade	Male																									
		Female																									
		Subtotal																									
	Total of Micro																										
Small	Manufacturing	Male																									
		Female																									
		Subtotal																									
	Service	Male																									
		Female																									
		Subtotal																									
	Trade	Male																									
		Female																									
		Subtotal																									
	Total of Small																										
Medium	Manufacturing	Male																									
		Female																									
		Subtotal																									
	Service	Male																									
		Female																									
		Subtotal																									
	Trade	Male																									
		Female																									
		Subtotal																									
	Total of Medium																										
Total	**Male**																										
	Female																										
Grand Total																											

*Overdue Amount = Recoverable Amount - Recovery Amount

N.B. : The shaded portion of Cottage & Medium Enterprise (Trading Sector) need not to be filled in.

Other Information:

1. General Provision Kept for CMSME Loan Disbursement as per CL:	
2. Banks/FIs Total Loan Disbursement Amount Excluding Staff Loan (January to Current Quarter):	
3. Total Loan Outstanding Excluding Staff Loan as per CL:	
4. Cumulative Recoverable Amount of CMSME Loan (January to Current Quarter):	

Authorized Signature

Quarterly Statement on CMSME Cluster Financing

Name of the Bank/FI:

Name of the Quarter:

(Amount in Lac BDT)

Segment	Borrower	No. of Cluster Financed	Disbursement (Current Quarter)		As on end of the Quarter		Amount Recovered in Current Quarter
			Number of Enterprise	Amount	Outstanding	Recoverable	
Cottage	Male						
	Female						
Sub Total							
Micro	Male						
	Female						
Sub Total							
Small	Male						
	Female						
Sub Total							
Medium	Male						
	Female						
Sub Total							
Total							

Please mention the name and location(Union/Upazila/District) of clusters:

সংযোজনী-৭

Statement Related to Select, Train and Provide Loan Facility to New Women Entrepreneur

Name of the Bank/FI:
Name of the Quarter:

No. of Total Branch	Select, Train and Provide Loan Facility to New Women Entrepreneur in Current Quarter				Selecting, Training and Providing Loan Facility to New Women Entrepreneur in Current Year (Accumulated)			
	No. of Branches Providing Loan	No. of Selected and Trained Entrepreneurs	Disbursed Credit		No. of Branches Providing Loan	No. of Selected and Trained Entrepreneurs	Disbursed Loan	
			No. of Entrepreneurs	Amount (In Lac BDT)			No. of Entrepreneurs	Amount (In Lac BDT)
1	2	3	4	5	6	7	8	9

Annual Statement on CMSME Sector's Credit Activity

Name of the Bank/FI:
Year:

1. Related to Loan Application Settlement

No. of Loan Applications Received	No. of Sanctioned Loan Applications	No. of Loan Application under Processing	No. of Rejected Loan Applications

1(a). Reason for Rejecting Loan Application

Sl. No.	Reasons for Rejection
01.	
02.	
⋮	

2. Credit Disbursement through MFI and Agent Banking Linkage

MFI and Agent	No. of MFI or Agent	No. of Entrepreneurs	Loan Disbursment Amont (In Crore BDT)

3. Women Entrepreneurs' Dedicated Desk/Help Desk

No. of Total Branches	Total No. of Women Entrepreneurs' Dedicated Desk/Help Desk

4. CMSME Related Certificate Training Program for Bankers and Entrepreneurs

No. of Bankers Received Training	No. of Traning Program Related to Entrepreneurs	No. of Trained Entrepreneurs	No. of Trained Entrepreneurs Received Loan

Continued/02

5. CMSME Loan Categorization Based on Manufacturing and Service Industry

Name of CMSME Industrial Sector	No. of Credit Recived Enterprises	Amount of Credit Disbursed (In BDT)
A) Manufacturing		
1. Garments and Knitwear Industry		
2. Textile Industry		
3. Agricultural and Forestry resources processing industry		
4. Jute and Jute Products processing industry		
5. Fisheries and Livestock resources processing industry		
6. Plastic and Plastic Goods processing industry		
7. Leather, Footwear and Leather Goods processing industry		
8. Electronics, Machinery and Light Engineering		
9. Medicine, Chemical, Perfume, Cosmetics and Toiletries products manufacturing industry		
10. Handicraft, Cottage, Loom, Shitol Pati, Nokshi Katha Industry		
11. Toys, Glass, Cookeries and Ceramic Related Industry		
12. Other......		
B) Service		
1. IT, Software, ICT, Cyber café service etc.		
2. Telecommunication, Call Centre, Cable Operator, Internet Service Provider		
3. Saloon, Beauty Parlor, Gym		
4. Transportation and Communication Services (Land, Air and Water)		
5. Health Service		
6. Social Services		
7. Photography, Digital Color Lab, Phone/Fax/Photocopy/Printing Services		
8. Entertainment Services		
9. Training Services		
10. Other......		

সংযোজনী-৯

Quarterly Report of Loan on Agro Based Industry

Name of the bank/FI:
Quarter:

(Amount in Crore Taka)

SL	Category	Total Loan Disbursement (Current Quarter)			Number of Entrepreneurs Financed in Current Quarter		Total Outstanding (as on end of the Quarter)			Total Recovery during current Quarter	Classified Amount (as on end of the quarter)
		Term Loan	Working Capital	Total	Male	Female	Term Loan	Working Capital	Total		
1	Processed fruit based food manufacturing industries (Jam, Jelly, Juice, Pickle, Syrup, Sauce,etc.);			0.00					0.00		
2	Fruit (Tomato, Mango, Guava, Sugarcane, Jackfruit, Litchi, Pineapple, Coconut, etc.)Vegetables, and Lentil processing industries;			0.00					0.00		
3	Production of Bread & Biscuit, Vermicelli, Chanachur, Noodles, etc.;			0.00					0.00		
4	Production of Atta, Flour, and Semolina;			0.00					0.00		
5	Processing of Mushroom and Spirulina;			0.00					0.00		
6	Starch, Glucose, Dextrose, and other Starch product manufacturing industries;			0.00					0.00		
7	Milk processing (Milk pasteurization, powdered Milk, Ice cream, condensed Milk, Sweet,Cheese, Ghee, Butter, Chocolate, Yogurt, etc.) industries;			0.00					0.00		
8	Food processed from Potato (Chips, Potato Flakes, Starch etc.) manufacturing industries;			0.00					0.00		
9	Various gourd Spices manufacturing industries;			0.00					0.00		
10	Edible oil refining and Hydrogenation industries;			0.00					0.00		
11	Salt processing industries;			0.00					0.00		
12	Prawn and other Fish processing and freezing industries;			0.00					0.00		
13	Herbal cosmetic producing industries;			0.00					0.00		
14	Unani, Ayurvedic and Homeopathic medicine producing industries;			0.00					0.00		
15	Balanced diet manufacturing industries for Duck, Chicken, Cattle and Fish			0.00					0.00		
16	Seed producing, research, processing and preservation;			0.00					0.00		
17	Jute made product (eg. Rope, Thread, Sackcloth, Bag, Carpet, Jute Sandal etc.) manufacturing industries;			0.00					0.00		
18	Silk cloth manufacturing industries;			0.00					0.00		
19	Establishing Equipment industry for aiding agricultural production, repairing etc.;			0.00					0.00		
20	Rice (including Auto Rice Mill), puffed Rice, beaten Rice (flattened Rice), popped Rice etc.processing (or preparing) industries;			0.00					0.00		
21	Perfumed Rice producing/processing (or preparing) industries;			0.00					0.00		
22	Tea processing industries;			0.00					0.00		
23	Coconut oil producing industries (if **Copra** collected from local coconut is used);			0.00					0.00		
24	Rubber tape, Lakkha processing industries;			0.00					0.00		
25	Cold storage (processing and preservation of Potato and Seed-potato, Fruits, Vegetables etc. produced by farmers);			0.00					0.00		
26	Furniture made/produced from Wood, Bamboo and Cane (except Cottage industries);			0.00					0.00		
27	Flower preservation and exporting enterprises;			0.00					0.00		
28	Meat processing enterprises;			0.00					0.00		
29	Production of Organic Fartilizar, Mixed Fartilizar, Guti Urea etc.;			0.00					0.00		
30	Production of Bio-pesticide and Neem-based pesticide;			0.00					0.00		
31	Apiculture/honey producing (or processing) projects;			0.00					0.00		
32	Rubber-based goods producing (or manufacturing) projects;			0.00					0.00		
33	Particle board manufacturing industries;			0.00					0.00		
34	Mustard Oil producing industries (if local Mustard is used);			0.00					0.00		
35	Bio-gas and Electricity production projects from Paddy shell, Poultry waste and Cow dung;			0.00					0.00		
36	Industries producing Edible Oil from Rice Bran;			0.00					0.00		
37	Poultry and Dairy industries;			0.00					0.00		
38	Sugar and other Sweetened product producing industries;			0.00					0.00		
39	Soya food producing and Soybean processing industries;			0.00					0.00		
40	Horticulture, Floriculture, Flower and Vegetable marketing (Lemon, Mushroom, Beetle Leaf, Honey etc. will be included in this industry)			0.00					0.00		
41	Others			0.00					0.00		
	Total	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**

Name	
ID No	
Cell	
Email	

Name	
ID No	
Cell	
Email	

সংযোজনী-১০

Quarterly Statement of Industrial Loan

Name of the Bank/FI:

Name of the Quarter:

(Amount in Crore BDT)

Nature of Loan	**Size of Industry**	**Loan During the Quarter**			**Balance at the End of the Quarter**		
		Sanctioned	**Disbursed**	**Recovered**	**Overdue**	**Outstanding**	**Classified**
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**	**8**
Term	Large Scale						
	Medium-Scale						
	Small, Micro and Cottage						
Working Capital	Large Scale						
	Medium-Scale						
	Small, Micro and Cottage						

Authorized Signature

Authorized Signature

Name of Contact Person:
Designation:
Cell Phone Number:

List of Agro-based Industries

1. Processed fruit based food manufacturing industries (Jam, Jelly, Juice, Pickle, Syrup, Sauce, etc.);
2. Fruit (Tomato, Mango, Guava, Sugarcane, Jackfruit, Litchi, Pineapple, Coconut, etc.), Vegetables, and Lentil processing industries;
3. Production of Bread & Biscuit, Vermicelli, Chanachur, Noodles, etc.;
4. Production of Atta, Flour, and Semolina;
5. Processing of Mushroom and Spirulina;
6. Starch, Glucose, Dextrose, and other Starch product manufacturing industries;
7. Milk processing (Milk pasteurization, powdered Milk, Ice cream, condensed Milk, Sweet, Cheese, Ghee, Butter, Chocolate, Yogurt, etc.) industries;
8. Food processed from Potato (Chips, Potato Flakes, Starch etc.) manufacturing industries;
9. Various gourd Spices manufacturing industries;
10. Edible oil refining and Hydrogenation industries;
11. Salt processing industries;
12. Prawn and other Fish processing and freezing industries;
13. Herbal cosmetic producing industries;
14. Unani, Ayurvedic and Homeopathic medicine producing industries;
15. Balanced diet manufacturing industries for Duck, Chicken, Cattle and Fish;
16. Seed producing, research, processing and preservation;
17. Jute made product (eg. Rope, Thread, Sackcloth, Bag, Carpet, Jute Sandal etc.) manufacturing industries;
18. Silk cloth manufacturing industries;
19. Establishing Equipment industry for aiding agricultural production, repairing etc.;
20. Rice (including Auto Rice Mill), puffed Rice, beaten Rice (flattened Rice), popped Rice etc. processing (or preparing) industries;
21. Perfumed Rice producing/processing (or preparing) industries;
22. Tea processing industries;
23. Coconut oil producing industries (if **Copra** collected from local coconut is used);
24. Rubber tape, Lakkha processing industries;
25. Cold storage (processing and preservation of Potato and Seed-potato, Fruits, Vegetables etc. produced by farmers);
26. Furniture made/produced from Wood, Bamboo and Cane (except Cottage industries);
27. Flower preservation and exporting enterprises;
28. Meat processing enterprises;
29. Production of Organic Fartilizar, Mixed Fartilizar, Guti Urea etc.;
30. Production of Bio-pesticide and Neem-based pesticide;
31. Apiculture/honey producing (or processing) projects;
32. Rubber-based goods producing (or manufacturing) projects;
33. Particle board manufacturing industries;
34. Mustard Oil producing industries (if local Mustard is used);
35. Bio-gas and Electricity production projects from Paddy shell, Poultry waste and Cow dung;
36. Industries producing Edible Oil from Rice Bran;
37. Poultry and Dairy industries;
38. Sugar and other Sweetened product producing industries;
39. Soya food producing and Soybean processing industries;
40. Horticulture, Floriculture, Flower and Vegetable marketing (Lemon, Mushroom, Beetle Leaf, Honey etc. will be included in this industry).